আসিফ নজরুলের মোবাইল ফোন ছিনতাই



আসিফ নজরুল। ছবি: সংগৃহীত

অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুলের মোবাইল ফোন ছিনতাই হয়েছে। বুধবার (১১ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে গাড়িতে থাকা অবস্থায় তাঁর ফোনটি নিয়ে পালিয়ে যায় এক ছিনতাইকারী।

রাতেই নিজের ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে এ তথ্য জানান আসিফ নজরুল। তিনি লেখেন, গাড়ির জানালা খোলা থাকার সুযোগে এক যুবক মুহূর্তের মধ্যে তাঁর হাত থেকে মোবাইল ফোনটি ছোঁ মেরে নিয়ে পালিয়ে যায়।

ছিনতাই হওয়া ফোনটি উদ্ধারের চেষ্টা চলছে বলেও জানান তিনি। পাশাপাশি তাঁর ব্যবহৃত ০১৭৩****৬২৬ নম্বর কিংবা অন্য কোনো মাধ্যমে কেউ টাকা দাবি, হুমকি বা সন্দেহজনক বার্তা পাঠালে তাতে সাড়া না দিতে সবাইকে সতর্ক করেছেন।

নিজের অসতর্কতাকে ঘটনার কারণ উল্লেখ করে আক্ষেপ প্রকাশ করেন সাবেক এই উপদেষ্টা। একই সঙ্গে ছিনতাই হওয়া ফোনটি উদ্ধারে সবার কাছে দোয়া চেয়েছেন তিনি।